

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪১৬

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ সিয়ামের সমতুল্য আর কোন নফল আমল নেই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الصَّوْمَ لَا يَعْدِلُهُ شيءٌ من الطاعات

## আরবী

3416 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا مَهْدِيُّ بْنُ مَيْمُونٍ عَنْ مُحَمَّدِ بْنِ أَبِي يَعْقُوبَ عَنْ رَجَاءِ بْنِ حَيْوَةَ عَنْ أَبِي أَمَامَةَ قَالَ: أَنْشَأَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَيْشًا فأتيته فقلت: يارسول الله ادع الله لي بالشهدة قَالَ: (اللَّهُمَّ سلِّمهم وغنِّمهم) فَعَزَوْنَا فسلِمنا وَغَنِمْنَا حَتَّى ذَكَرَ ذَلِكَ ثَلاثَ مَرَّاتٍ قَالَ: ثُمَّ أتيته فقلت: يارسول اللَّه إِنِي أَتَيْتُكَ تَتْرَى ثَلَاثَ مَرَّاتٍ أَسْأَلُكَ أَنْ تَدْعُو لِي بِالشَّهَادَةِ فَقُلْتَ: (اللَّهُمَّ سلِّمهم وغنِّمهم) فسلِمنا وغنمنا يارسول اللَّه فمُرني بِعَمَلٍ أَدْخُلُ بِالصَّوْمِ فَإِنَّهُ لَا مِثْلَ لَهُ)

قَالَ: فَكَانَ أَبُو أُمَامَةَ لَا يُرى فِي بَيْتِهِ الدُّخَانُ نَهَارًا إِلَّا إِذَا نَزَلَ بِهِمْ ضَيْفٌ فَإِذَا رَأُوَا الدُّخَانَ نَهَارًا عِرَفُوا أَنَّهُ قَد اعتراهم ضيف.

الراوي: أَبُو أُمَامَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3416 | خلاصة حكم المحدث: صحيح – ((التعليق على ((المختارة)))) تحت الحديث (21).

قَالَ أَبُو حَاتِمٍ: رَوَى هَذَا الْخَبَرَ مَهْدِيُّ بْنُ مَيْمُونٍ عَنْ مُحَمَّدِ بْنِ أَبِي يَعْقُوبَ عن رجاء بن حيوة

وراه شُعْبَةُ , عَنْ مُحَمَّدِ بْنِ أَبِي يَعْقُوبَ عَنْ حُمَيْدِ بْنِ هِلَالٍ عَنْ رَجَاءِ بْنِ حَيْوَةَ.

## বাংলা



৩৪১৬. আবূ উমামাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার একটি সেনাবাহিনী প্রস্তুত করেন। অতঃপর আমি তাঁর কাছে এসে বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি আমার জন্য শাহাদাতের দুআ করুন।" তখন তিনি বলেন, "হে আল্লাহ, আপনি তাদেরকে নিরাপদ রাখুন এবং তাদেরকে গনীমত দান করুন।" অতঃপর আমরা যুদ্ধ করে নিরাপদ থাকি এবং গনীমত লাভ করি। এভাবে তিনি তিনবার এটা উল্লেখ করেন।

রাবী বলেন, "তারপর আমি তাঁর কাছে এসে বলি, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি আপনার কাছে পরপর তিনবার এসে আপনার কাছে চেয়েছিলাম যে, আপনি আমার জন্য শাহাদাতের দুআ করবেন। কিন্তু আপনি বলেছেন, "হে আল্লাহ, আপনি তাদেরকে নিরাপদ রাখুন এবং তাদেরকে গনীমত দান করুন।" অতঃপর আমরা যুদ্ধ করে নিরাপদ থাকি এবং গনীমত লাভ করি। হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি আমাকে এমন একটি আমলের আদেশ করুন, যার বদৌলতে আমি জান্নাতে প্রবেশ করতে পারবো।" তখন তিনি বলেন, "তুমি সিয়াম পালন করো। কেন্না এর সমতুল্য কোন আমল নেই।"

অধঃস্তন রাবী বলেন, "তারপর আবূ উমামাহ রাদ্বিয়াল্লাহু আনহুর বাড়িতে মেহমান না আসলে দিনে ধোঁয়া দেখা যেতো না। কাজেই যখন দিনে তাদের বাড়িতে ধোঁয়া দেখা যেতো, তখন লোকজন বুঝতে পারতেন যে, তাঁদের বাড়িতে কোন মেহমান এসেছেন!"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসটি মাহদী বিন মাইমূন, মুহাম্মাদ বিন আবী ইয়াকূব থেকে, তিনি রাজা বিন হাইওয়াহ থেকে বর্ণনা করেছেন। আর ইমাম শু'বাহ রহিমাহুল্লাহ মুহাম্মাদ বিন আবী ইয়াকূব থেকে, তিনি হুমাইদ বিন হিলাল থেকে, তিন রাজা বিন হাইওয়াহ থেকে হাদীসটি বর্ণনা করেছেন।"

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৫; মুসনাদ আহমাদ: ৫/২৫৫, ২৫৮; নাসাঈ: ৪/১৬৫; তাবারানী: ৭৪৬৩; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৭৮৯৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীক আলাল মুখতারাহ; ২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন